

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
উদ্ভাবনী ও বিশেষ অনুদান শাখা  
www.ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০৫৩.১৭.০০১.২১.৭৮

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ  
১২ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে গবেষণার জন্য ফেলোশিপ/বৃত্তি প্রদান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদান সংক্রান্ত।

“তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬” অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে আইসিটি খাতে গবেষণার জন্য ফেলোশিপ/বৃত্তি প্রদান, আইসিটি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদানের লক্ষ্যে নীতিমালায় বর্ণিত যোগ্যতা সম্পন্ন আগ্রহী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে (দেশে/বিদেশে) অধ্যয়নরত বাংলাদেশী শিক্ষার্থী, গবেষক এবং প্রত্যাশী ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে অনলাইনে (ims.ictd.gov.bd) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

০২। অনলাইনে আবেদনপত্র দাখিল, বাছাই ও মূল্যায়নের সম্ভাব্য সময়সীমা নিম্নরূপ:

স্লাউড নং	অনলাইনে আবেদনপত্র দাখিলের সময়সীমা	বাছাই ও মূল্যায়নের সম্ভাব্য সময়
১ম	জুলাই/২০২৩ হতে সেপ্টেম্বর/২০২৩	অক্টোবর/২০২৩
২য়	অক্টোবর/২০২৩ হতে নভেম্বর/২০২৩	ডিসেম্বর/২০২৩
৩য়	ডিসেম্বর ২০২৩ হতে ফেব্রুয়ারি/২০২৪	মার্চ/২০২৪

০৩। এ সংক্রান্ত নীতিমালাসহ অনলাইনে আবেদনপত্র দাখিলের লিংক [ims.ictd.gov.bd](http://ims.ictd.gov.bd) হতে বিস্তারিত জানা যাবে ও Online এ আবেদনপত্র দাখিল করা যাবে। সরাসরি আবেদনপত্র দাখিল নিরুৎসাহিত করা যাচ্ছে।

০৪। নীতিমালার সাথে সজ্ঞাপিতপূর্ণ নয় এমন আবেদনপত্র গ্রহণযোগ্য/বিবেচিত হবে না। এছাড়া, অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৫। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা রাখে।



১২-০৭-২০২৩

সুফিয়া আক্তার রুমী

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

[sufia.akhter@ictd.gov.bd](mailto:sufia.akhter@ictd.gov.bd)

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব/সচিব (সকল);

২। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

৩। অতিরিক্ত সচিব, আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;

৪। বিভাগীয় কমিশনার (সকল);

৫। উপসচিব, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;

৬। বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ..... বিশ্ববিদ্যালয় (যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অনলাইনে আবেদনপত্র

দাখিলের বিষয়ে নির্দেশনা/উৎসাহ প্রদান এবং তাঁর কার্যালয়ের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;  
৭। পরিচালক, ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি)/ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইআইসিটি), ..... [যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অনলাইনে আবেদনপত্র দাখিলের বিষয়ে নির্দেশনা/উৎসাহ প্রদান এবং তাঁর কার্যালয়;

৮। জেলা প্রশাসক (সকল);

৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);

১০। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

১১। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), লজিস্টিক সেবা-২ শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বহুল প্রচারিত ০১টি বাংলা ও ০১টি ইংরেজি দৈনিকে

০১ দিনের সংখ্যায় বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো) এবং

১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ডিজিটাল গভর্নেন্স ও ইমপ্লিমেন্টেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বিজ্ঞপ্তি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

